

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

শিক্ষণীয় বিষয়সমূহ -১৬ (১৬)

- (১) ইসলামের প্রসার ও তার স্থায়িত্ব নির্ভর করে তার ব্যাপক প্রচারের মধ্যে। সংস্কারককে তাই প্রচারের ছোট-খাট সুযোগকেও কাজে লাগাতে হয়। হজ্জের মওসুমে গভীর রাতে বেরিয়ে তাঁবুতে তাঁবুতে গিয়ে গোপনে তাওহীদের দাওয়াত দেবার মধ্যে রাসূল (ছাঃ)-এর উক্ত নীতি ফুটে উঠেছে।
- (২) দাওয়াতের ক্ষেত্রে কোনরূপ দুনিয়াবী স্বার্থ পেশ করা যাবে না। কেবলমাত্র পরকালীন মুক্তি ও কল্যাণের দাওয়াত দিতে হবে।
- (৩) নিজ দেশে অসহায় ভাবলে অন্য দেশের সম আদর্শের ভাইদের আন্তরিক আহবানে সাড়া দিয়ে সেদেশে স্থায়ীভাবে হিজরত করা আদর্শবাদী নেতার জন্য সিদ্ধ। এজন্য ক্ষেত্র প্রস্তুতির চেষ্টা করা বৈধ।
- (৪) তাওহীদের দাওয়াত প্রসারের জন্য চাই দূরদর্শী, উদ্যমী ও প্রশিক্ষণপ্রাপ্ত একদল যুবক। আস'আদ বিন যুরারাহর নেতৃত্বে ইসলাম কবুলকারী ছয় জন ইয়াছরেবী যুবক ও রাসূল (ছাঃ)-এর প্রেরিত তরুণ দাঈ মুছ'আব বিন ওমায়ের (রাঃ)-এর তারুণ্যদীপ্ত দাওয়াতী কার্যক্রম আমাদেরকে সেকথাই স্মরণ করিয়ে দেয়।
- (৫) ইমারত ও বায়'আতের মাধ্যমেই ইসলামী সমাজ বিপ্লব সম্ভব। ১১, ১২, ১৩ নববী বর্ষে অনুষ্ঠিত পরপর তিনটি বায়'আত অনুষ্ঠান এ দিকেই নির্দেশনা প্রদান করে।
- (৬) দাওয়াতে সফলতা লাভের জন্য নেতা ও কর্মীদের মধ্যে বিশ্বাসের ঐক্য ও দৃঢ়তা এবং নিখাদ আদর্শনিষ্ঠা অপরিহার্য। হিজরতের পূর্বেই মি'রাজ ও পাঁচ ওয়াক্ত ছালাত ফর্ম হওয়ার বিষয়টি সেদিকেই ইঙ্গিত করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5346

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন